জীবনসঞ্চার।

Booklet! thou art flung into the world improved

Let thy fortune be as God disposeth. প্ৰস্তিকে, জগতে যাও এই হীন বৈশে, ঘটুক কপালে ৩ব ফ' লিখেছে বিদিন্ত

-mv@ 0 1 mm

<u> এিয়োগেব্দুকুনার মুখোপাধ্যায়</u>

কর্ত্তক প্রণীত।

প্রথম সহস্র।

কলিকাতা

>२१नर मम्बिन् राष्ट्रीक्रीते अनास्तरक्षार जीनीलाष्ट्रं विमाहात्र चाहा मस्मित्रं र श्रामितः

উপহার।

বাল্যবন্ধু জীযুক্ত বারু অপূর্ব্ব কুমার বন্দ্যোপাধ্যায়, সমীপেযু অপ্ত

যনি ভিক্ষালস্কদ্রের উপহার দেওয়ায় কিছু দোষ না থাকে তাহা হইলে আমার "জীবনসঞ্চার" তোমার করে অর্পণ করিতে পারি। এ পুস্তকে ভাষা ভিন্ন আমার নিজের আর কিছুই নাই। ঘুর্ভাগ্যক্রমে আমার লিখিবার ক্ষমতাও নাই, সূতরাং ভাষাওবিশুদ্ধ হয় নাই।

আমাপেকা পারদশী ব্যক্তিকে এপ্রকার এক-খানি পুস্তক সংকলন করিতে অন্তরোধ করিয়া-ছিলাম, কেছই সন্মত না ছওয়ায় স্বয়ং লেখনী ধারণ করিতে বাধ্য ইইলাম !

স্ভাতির মঙ্গলকাননাই আমার এই প্রস্তক প্রথমনের মূলীভূত কারণ 1

ভটে ! বাল্যকালে সামি তোমাকে যাহা কিছু দিইয়াছি, তুমি তাহাই অতিয**়ে এ**ছণ ক্রিয়াছ I

যৌবনের উপহার গ্রহণে কি অস্বীক্রত হইবে ?
কলিকাল

কলিকাত:) ভোষারি এই জানুরারি ১৮৮৪।) চলচাট।

প্রস্থক (রের বক্তব্য।

সন্তানোৎপাদিকা বৃত্তি সম্বন্ধে লিখিত পুস্তক আমাদের দেশে অতি বিরল; "যৌবনসুহৃদ" ও "জীবনরক্ষক" ভিন্ন আর একখানিও এপ্রকার পুস্তক নাই। সুতরাং আমাদের ভয় হয় পাছে माधातर् आभारतत कीवनमक्षात्ररक प्रणा करत्न. পাছে কেহ পুস্তকখানিকে কুকুচির আনুশস্থল বলেন ৷ দেশে অনেকেরই বিশাস যে সন্তানোৎ-পাদিকা রত্তি সম্বন্ধে যাহা কিছু জানিবার আছে তাহা তিমিরে আরত রাখিতে হয়, যেন তাহা প্রকাশ করিলে সর্ব্বনাশ উপস্থিত হইবে। তাঁহার। বিবেচনা করেন যে উক্ত রুত্তিকে অক্যায়পথে চালিত করিলে যে দকল পাপের উদ্ভব হয়, তাহা জগতে নাই এই প্রকার ভাব দেখাইলে, **मि ७ लि ज**ग र इहेर ज्ञा चित्र इहेर । या थान গোপন, দেখানেই 🚎 ; জিজ্ঞাদা করি দন্তানোৎ-পাদন কি পাপ-কা ৮ ? তাহা না হইলে এ সম্বন্ধে এত লুকাচুরি কেন্

যাহা কিছু রহস্মর ভাগাইজানিতে মানবমনে স্বভাবতঃ এক প্রকার তেনুকুছল জন্মে। বালক

বালদীমাতিক্রম করিয়া সন্তানোৎপাদন-রহস্থ জানিতে ব্যগ্র হয়, কিন্তু দে কাহারও নিকট কোন বিবরণ প্রাপ্ত হয় না, অবশেষে দে মনে এক প্রমাদসম্ভল ভাব ধারণা করিয়া লয়, নতুবা হুই একখানি অতিশয় জঘন্য, নারকীয় পুস্তকের আশ্রয় গ্রহণ করিয়া, ব্যভিচার-স্রোতে গা ঢালিয়া দেয়। ইহা কি ভাল ০ "ইহা খাইলে অসুধ হয়," "ইহা খাওয়া উচিত," পিতা সন্তানকে এ প্রকার উপদেশ দিতে কুণ্ঠিত হ'ন না: সন্তানোৎপাদিকা রুতি मग्रत्क छेलातम निल्ल कि नज़कगांभी इहेर इश ? মন্তানোৎপাদন কার্য্য হইতে রহস্যাবরণ তুলিয়া লও. ভোজন, শয়ন, নিদ্রা যেমন রহস্তময় নহে, এ কার্য্যটীকে সেই প্রকার করিয়া দাও তথন আর ইহাতে কৌতুহলের কিছু থাকিবে না, নূতনত্ব থাকিবে না, তখন জগতের অনেক পাপ অনেক রোগ-ভোগ কমিবে। প্রাচীন আর্য্যেরা ইহা বুঝিতেন তাই অন্নপ্রাশন, উপনয়ন এবং বিবাহের ন্যায় গর্ভাধানও তাহাদের একটা সংস্কার ছিল। ১ম বর্ষের তৃতীয় সংখ্যক "ব্রাহ্মণ" এ সম্বন্ধে কি লিখিয়াছেন, সকলেরই পাঠ করিয়া দেখা কর্ত্তব্য।

জীবনসঞ্চার্

উপক্রমণিকার্

যে অন্তর্নিহিত রন্তির উপর মানবনওলীর স্থ ছংখ নির্ভর করিতেছে, তৎসম্বনীয় নিরমানবলী প্রচার করিবার সময় আসিয়াছে। আমরা সন্তানোৎপাদিক। রন্তির কথা বলিতেছি। আমানদের ভারী বংশাবলী তাহাদের স্বথ বা ছংখের ভার, স্বাস্থ্য বা রোগপ্রবণতা, আমাদের নিকট হইতে প্রাপ্ত হইবে। আমরা উল্লিখিত রন্তিকে থে নিয়মে পরিচালিত করিব তদন্ত্রসারে আমাদের বংশধরণে স্থাবা ছংগ, রোগ বা অনাময়, প্রাপ্ত হইবে। জীবনের বিশুদ্ধ আমাদি, এবং সভ্যতার কলক্ষ স্বর্গ শত শত মহাপাপ, সকলই কেবল উপ্যুক্তির তিটার উপর নির্ভর করিতেছে।

এই ममुमग्न जात्नां कतित्न, स्मार्थे देवा

যাইবে যে এই রৃত্তি সম্বন্ধে যাহা কিছু জ্ঞাতব্য আছে, তাহা অবহেলার বিষয় নহে। যে ব্যক্তি মন্ত্র্য হৃদয়ের অস্তব্তলে প্রবেশ করিতে না পারে, এতংশস্থায় জ্ঞানাভাব যে কতদূর হৃদয়বিদারক তাহা দে বৃথিবে না। অসংমার্গত্যাগ ও সংমার্গ অবলম্বনের ক্ষমতা এই জ্ঞানের সহিত ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট। মানবের ইহপরলোকেং সহিত এই সন্তানোৎপাদিকা শক্তির ঘনিষ্ঠ সম্পর্ক আছে ইছা জ্ঞানিলে আমাদিগকে অবশ্যই স্বীকার করিতে হইবে যে স্বাস্থ্যবিজ্ঞানের মধ্যে এতংবিষয়ের জ্ঞানই সর্কাপেক্ষা প্রয়োজনীয়। হায়! মুণা ও লক্ষার দোহাই দিয়া লোকে এই সর্ক্রেশ্রেষ্ঠ বিজ্ঞানের কত অক্যায় অব্যাননা করিতেছ।

ইচ্ছা থাকিলে, এই প্রকার এন্থের উপ-যোগিতা প্রতিপাদনার্থ শত শত মানবহিতাকা থী লেথকগণের মত উদ্ধৃত করিতে পারিতাম। বুদ্ধিমান ব্যক্তিমাত্তেই এ প্রস্থের উপযোগিতা বুদ্ধিতে পারিবেন ত্রিষয়ে আমাদের সন্দেহ

সূচনা।

क्षत्रायुत्ठ कीरनमक्शास्त्रत्र मस्त्र मरक्र स्त्री পুরুষের জাতিগত বিভিন্নতা আরম্ভ হয়। মানব-বীর্য্যের পরিপক্তার তারতমানুদারে যে গর্ভস্থ প্রাণা স্ত্রী বা পুরুষ হইবে ইহার কোন অর্থ নাই। গর্ভদঞ্চারকালে পরমপিতা যে প্রাণীকে স্ত্রীয় প্রদান করিবেন, সে স্ত্রীজাতি হইবে, যাহাকে পুরুষত্ব প্রদান করিবেন সে পুরুষ হইয়া জন্মগ্রহণ করিবে। বিজ্ঞান, স্ত্রীপুরুষের জাতিগতপার্থক্যোৎ-পাদক আর কোনও বিশিষ্ট কারণ আবিষ্কার করিতে পারে নাই ৷ ভূমিষ্ঠ ইইবার কাল হইতেই স্ত্রীপুরুষের জাতিগত বিভিন্নতা লফিত হইয়। থাকে। পণ্ডিতবৰ্গ নবপ্রস্থত বালক ও বালিক।-গণের গুরুত্ব ও দৈর্ঘ্য তুলনা করিয়া দেপিয়াছেন। তাঁছারা স্থির করিয়াছেন যে নবপ্রস্থুত বালিকা-পেকা বালকগণ প্রায় অদ্ধেসের অধিক ভারী; रिएर्सा । वालकान वालिकामनारायका रे वेशि वछ ।

বালক বালিকার রৃদ্ধির নিয়মও পরস্পার বিভিন্ন ৷ বালকের মাংসপেশী সমুচ্চয় বালিকাপেক্ষা 🖫 গুণ অধিক সবল হয়। বালকের শরীরে মাংস দৃত-তররূপে নংশ্লিষ্ট থাকে; বালকের অস্থিও রুহত্তর হয়। তাহার কণ্ঠাস্থিও বক্রতর হইয়া উঠে। স্ত্রীজাতি অপেকা পুরুষজাতির উরুসন্ধিস্থল অধিক অপ্রশস্ত ২ওয়ায় বালকগণ অতি সহজে मिष्काइत्छ शारत । भतीत-शर्ठन (मिश्राल, शूक्रम থেন জীবনের বাধাবিদ্ধচয় অবলীলা ক্রমে অতি-ক্রম করিবার জন্মই সৃষ্ট হইয়াছে বলিয়া বোধ **र**श किन्न जारूदर्गत विषय अहे (य. शुक्रव এপ্রকার দুঢ়কায় হইলেও তাহার জীবনকাল স্ত্রীজাতির অপেক্ষা সংক্ষেপ ৷ জগতে ব্লব্ধ প্রুষ অপেকা রদ্ধা স্ত্রীর সংখ্যাই অধিক।

যে জাতিগত বিভিন্নতার উপর মানবের সামাজিক, শারীরিক ও নৈতিক ব্যাপার নির্ভর করিতেছে, সেই পার্থক্য সূজন করিবার জগৎপাতার
একমাত্র উদ্দেশ্য আছে। কেবল একটা মাত্র
কার্য্যনির্ব্বাহের জন্য এই বিভিন্নতার সৃষ্টি হইয়াছে। সেই উদ্দেশ্য—সেই কার্য্য—জন্মদান, নূতন

জীবের জীবনসঞ্চার | শানবমনের সমগ্র অভি-লাষ ও বৃত্তিচয় এইতা দ্ভত জন্মদান শক্তির অধীন 1 এই প্রবৃত্তি দ্ব্বাপেকা বলবতী, দ্ব্বাপেকা অদম-নীয়, এরতি চরিতার্থ না করিয়া থাকিতে পারা যায় না। যে দিকে ভাকাও দেখিবে, প্রক্রতি এই বুত্তিকে মানব অস্তিত্ত্বের একমাত্র পবিত্র কারণ বলিয়া নির্দেশ করিয়া দিতেছে। উদ্দিদ-বিৎকে জিজাসা কর, তিনি এপ্রকার শত শত উদ্ভিদের কথা উল্লেখ করিবেন, যাহারা অন্তর্বর-দেশে জন্মগ্রহণ করায় পলবহীন হইয়াও ফুল ও দল প্রদান করে। প্রাণীত ত্ত্ববিৎকে জিজ্ঞাসা कत. তिनि शैन প्रांगीनिशात गर्या जातक श्रांगीत কথা বলিবেন যাহারা একবার "জন্মদান" দিয়া জীবনতাগিকরে: যেন কেবল ঐ একমাত্র উদ্দেশ্য দাধন নিমিত্ত তাহাদের জন্ম ভইয়াছিল। কতস্থলে এই রাভর ঘোর আবর্ত্তে পাঁচত হইয়া আত্মরকার বাসনা কোথায় ভাসিয়া গিলছে। প্রাণীনাতেই এই বলবতী রতির সার্থকতার সহিত তুলনায়, জীবনকে তৃণজ্ঞান করে; এই রুত্তির সার্থকতার সহিত যে প্রাণীবিশেষের সম্পর্ক আছে তাহা নহে, অনন্তকাল ইহার সহিত সম্পৃত্ত । জগতের অধিকাংশ পাপ ও জগতের অধিকাংশ পুণা, উভয়ই **এই রতিবশে সাধিত** হইয়া থাকে ! এই রতির প্রক্তারি,ও ইহার পরিচালনের নিয়ম অবগত হওয়া আমাদের কতনূর আবশ্যক! স্বাস্থ্যবিজ্ঞান এই জ্ঞানপ্রদান অপেক্ষা মানবের অধিক আর কি হিত সম্পাদন করিতে পারে ?

পুৰুষ-ধৰ্মক-কাল।

যৌবনকালে মানবজীবনে যে পরিবর্তন হয় তদ্বারা মানব উৎপাদিকা শক্তি প্রাপ্ত হয়। এই পরিবর্তন সংঘটনের কালকে পুরুষ ধর্মাক কাল বলা যায়। এই সময়ে পুরুষদেহে শুক্রের উদ্ভব হইতে আরম্ভ হয়। এই পরিবর্ত্তন হঠাৎ সংঘটিত হয় না। বহুকাল ব্যাপিয়া শরীরের অন্যান্ত ক্ষেতাগুলির রদ্ধি ও পরিপক্তার সঙ্গে সঙ্গে এই

পরিবর্ত্তন ঘটিতে থাকে। শারীরিক অন্যান্য ক্ষমতা পরিপকতা প্রাপ্ত না হইলে, মানব জন্মদান ক্ষমতা প্রাপ্ত হয় না। এতৎসম্বন্ধীয় নিয়মের জ্ঞানাভাব বা অবহেলন বশতঃ কত কত যুবক বহুসংখ্যক রোগগ্রস্ত হইতেছেন। সূত্রাং আমরা এই বিষয়টী সবিস্তারে লিখিব।

বালক যখন যৌবনদীমায় পদার্পণ করে তখন তাহার বাল-স্বভাব স্থলভ চাপল্যানি আর কিছুই থাকে না। গাত্রচর্ম আর পূর্ব্ববৎ কোমল থাকে না, মাংশপেশীসমূহ দৃঢ় হয়, কণ্ঠস্বরের আর দে মধুরত্ব থাকে না, স্বয়যন্ত্র বিস্তৃত হওয়ায় স্বর পূর্ব্বা-পেকা কর্কশ হইয়া উঠে, তান্ত্র গুলি কঠিন হইয়া আদে, "আকেলদাঁত" বাহির হয়। শরীরের স্থানেকস্থল লোমারত হয় এবং জননেন্দ্রিয় রন্ধি পাইতে থাকে।

ইছা ত গোল শারীরিক পরিবর্তনের কথা, মানসিক পরিবর্তনও অনেক হয়। স্থতন প্রকার বাসনা যুবককে উত্তেজিত করিতে আরম্ভ করে, কি যেন পাইবার ইচ্ছা হলয় অধিকার করিয়া ফেলে; যুবক সর্ববদাই চঞ্চলচিত্ত থাকে।

দ্বাদশ বৎসর হইতে অন্টাদশ বৎসর বয়সের মধ্যে পুরুষধর্মক কাল উপস্থিত হয় ৷ নান! কারণ বশতঃ কোন স্থলে শীঘ্ৰ কোথাও বা বিলয়ে মন্ত্ৰুষ্য যুবাভাব প্রাপ্ত হয়। উষ্ণ প্রধান দেশের মানবগণ অতিশীঘ্ই যুৱাভাব প্রাপ্ত হয়। সুতরাং সে লকল দেশে বাল্যবিবাহও প্রচলিত আছে। অস্মদ্দেশে বালকগণ চতুদ্দশ হইতে পঞ্চনশ বৎসর বয়ঃক্রমের মধ্যেই যুবান্তাব প্রাপ্ত হয়। তবে নানা কারণ বশতঃ দুই এক বৎসর অগ্রপশ্চাৎ হইতে পারে। এবিষয়টা, অনেক পরিমাণে স্বভাব, অভ্যাদ ও শারীরিক অবস্থার উপর নির্ভর করে। যে সকল বালক শারীরিক পরিশ্রম করিতে ভাল-বাসে, যাহারা সহজে উত্তেজিত হয় না, তাহা---দিগের জীবনে এই শালিওতন অতিবিলয়ে ঘটে। যাহারা হুরবল তাহাত্র। প্রায় অতিশীঘ্রই যুবাভাব প্রাপ্ত হয়। একথা শুনিয়া অনেকে আক্র্যা হইতে পারেন, কিন্তু প্রকৃতির অন্তুত নিয়মই वर ।

এই পরিবর্ত্তন যতবিলম্বে ঘটে ততই ভাল। এই পরিবর্ত্তন সংঘটিত হইলে বালকগণ প্রায়ই

হস্তমৈপুন করিতে আরম্ভ করে, এই গহিত কার্য্যের অবশ্যম্ভাবী ফল কত ভয়ানক। বালক বা যুবক-গণের এই যুবাকালের বিষয় চিন্তা না করাই ভাল। আমাদের মতে পিতা মাতা বা অন্যান্য অভিভাবৰগণের অকালে কামোদ্দীপক ব্যাপার इहेट निवस इहेवांव डेशरम्भ म्बा कर्वगा প্রকৃতির নিয়মিত সময়ের পূর্ব্বে বালকগণ যাহাতে যুবাভাব প্রাপ্ত না হয় তদ্বিদয়ে অভিভাবকগণের বিশেষ দৃষ্টি রাখা কর্ত্তব্য। আমরা নিয়ে কতক-গুলি নিয়ম দিতেছি অভিভাবকমাত্রেরই এই নিয়**শানু**দারে কার্য্য কর: উচিত। প্রত্যেক বাল-কেরই নিয়মিত রূপে ব্যায়াম করা কর্ত্বা; আজি कालि थांत्र मकल विमालराई नात्रारमत स्वविधा করিয়া দেওয়া হইয়াছে। এবং সামান্য ব্যয়ে প্রত্যেক গুহেই ব্যায়াদের আয়োজন হইতে পারে। সর্ব্বদা পরিষ্কার ও পরিছের থাকা সাবশ্যক; লিঙ্গের চতুদ্দিক, বিশেষতঃ লিঙ্গাণ্ডাত্তক সরাইয়া তরিম্নদেশ উত্তমরূপে প্রকালিত করা চাই। পিতা মাতা বা অন্যান্য অভিভাবকগণকৈ আমরা অমু-'রোধ করিতেছি যেন তাঁহারা অন্যায় লজ্জার

ভয়ে এই নিয়মের বিপরীত কার্য্য না করেন। যাছাতে লিঙ্গাঞ্জাগ চুলকাইতে না হয় তাহা করা কর্ত্ব্য । নিতান্ত কোমল শ্যা ব্যব-ছার করা কর্ত্তব্য নছে। এক শ্যাগয় হুট বা ভিন জন বালককে একত্রে শয়ন করিতে দিতে নাই: প্রত্যেককে বিভিন্ন প্রকোঠে শ্য়ন করিতে দিলেই ভাল হয়। বালকগণ বাহাতে কোনমতে অশ্লীল ভাব ভঙ্গী করিতে না পায় সে দিকে দৃষ্টি থাকা চাই। শয়নগৃহ যেন বেশ শীতল থাকে; তাহাতে বায়ু সঞ্চালনের উপায় থাকাও চাই। শয়নের পূর্ব্বে প্রত্যেক বালকেরই মূত্রত্যাগ করা কর্ত্তব্য । "চিত্ৰ' হইয়া নিজা যাওয়া নিতান্ত অন্তৰ্চিত; কেন না তাহাতে কামোদ্দীপন হইতে পারে। বালকগণকে শান্তি দিবার মানদে বেতাঘাত করা কর্ত্তব্য নছে; ইহাতেও কামোদ্দীপন হইবার সম্ভব। অশ্লীল বাক্য ও অশ্লীল কাৰ্য্যকে ঘুণা করিতে শিক্ষা দেওয়া নিভাস্ত আবশ্যক। আমা-দের পৌরাণিক ইতিরতে, প্রাচীন কাব্য পুস্তকে এবং আধুনিক উপত্যাস সমূহে অনেক অশ্লীল ভাব সন্নিবেশিত আছে। এই সকল পুস্তক শাহাতে বালকগণের হস্তে না পড়ে তদ্বিষয়ে সমতু পাকা উচিত।

ক ম।

কাম কি १ ইছা কি স্বর্গের বিমল জ্যোতি না নরকের ভীষণ অনলশিখা १ ইছা কি পতিত-মানবজাতির সদাতন পরিচায়ক १ কথনই না; আমাদের চতুঃপার্শ্বস্থ উদ্ভিদ ও জীবরন্দের ক্রিয়া-কলাপ দেখিয়া আমরা কামকে নারকীয় প্রার্থিত বলিতে প্রস্তুত নহি। এই কামরতি ছইতে কত কত মহান্রতির জন্ম, এই কাম রতিই মন্ত্র্যুকে কতশত পবিত্র ব্যাপার জন্মুগান করিতে প্রণো-দিত করে! জ্ঞানীমাতেই স্বীকার করিবেন যে পরমেশ্বর দত্ত এই কামরতি স্থানিয়মে পরিচালিত করিলে জগতের অসংখ্য উপকার করা যায়; জ্ঞানীমাত্রেই এইর্তিকে নিয়মিত রূপে পরিচালিত করিতে যতুবান ছইবেন।

युराकान आश्रित माम मामरे कामहिंद

উদ্ভব হয়, এমন নহে। আনেক পূর্বেও ইহা বিদ্যমান থাকিতে পারে। নিতান্ত শিশুগণেরও লিঙ্গোচ্ছান হইতে দেখা যায়। সাত আট বৎসর বয়ঃক্রম হইতেই অনেকে হস্তমৈপুন করিতে আরম্ভ করে। কামর্ভিউদ্ভবের কোনও নির্দিষ্ট সময় নাই।

এই হিতকরী রভিকে নির্মাণ করিবার চেষ্টা প্রশংসনীয় নহে। স্থানিয়মে পরিচালিত করিলে ইহা হইতে হিত ভিন্ন অহিত হইবার সম্ভব নাই। যাহারা ইচ্ছাপূর্ব্বক বা কোন ব্যাধি বশতঃ সন্তা-নোৎপাদিকা শক্তি হারায় তাহারা প্রায়ই নিষ্ঠ্র ও প্রতারক হয়। তাহাদের মান্সিক ক্মতা-নিচয় পূর্ণ বিকাশ প্রাপ্ত হয় না। তাহাদের সাহস 🕲 महिकुछ। थाकि ना। (भाष्ट्राधन हेशत ख्लस उनाइतन। এই मकल शंधारलाज्या कतिरल স্পাট্ট প্রতীতি জান্মিবে যে সন্তানেংগাদিকাশক্তি হীন ব্যক্তিগণ তাহাদের প্রকৃতির কোনও প্রকৃষ্ট অংশ হারাইয়াছে। কাম রুভি ভিত্র আর কোন্ বুত্তি আশু আনন্দ ও ভবিষ্যতে হিত প্রদান করিতে পারে ?

কামরুত্তির উদ্ভবের সময় পিতাগাতা বালক-গণকে সর্বদা সাবধানে না রাখার ফল কত ভীষণ ৷ কত মান্সিক কট, কত শারীরিক ব্যাধি, কি ভয়ানক নৈতিক অবনতি পিতামাতার ঐনাস্য হেতু সতত ঘটিতেছে। এই পবিত্র কামরুত্তি অন্যায় পথে পরিচালিত হইয়া কত পৈশাচিক নারকীয় ক্রিয়া কলাপের অন্তর্গানের সহায়ত। করিতেছে ! লিখিতে হ্বর স্তান্তিত হ্র, প্রাণ কাঁদিলা উঠে, কিন্তু আমাদের বিদ্যালগ্রন্থ বালক-গণের নৈতিক অবস্থার কথা না লিখিয়া থাকিতে शाहिलाभ मा । विकाल खब वालकभन ध शरी छ যত বিবাদ করিয়াছে, অনুসন্ধান করিলে জানিতে পারা যাইবে যে দেই সমস্ত বিবাদের মূলে বল-বতী অবৈধ কামেছ। বর্ত্তমান আছে। নর-পিশাচ পুংগৈধুনকারী দিগের হস্তে সুন্দর বালক-मिर्गत निर्दात नाहे। गर**र** जारामिर्गत পাপ ইচ্ছা চরিতার্থ করিতে সমত না হইলে সেই হতভাগাগণ ছুরিকাঘাতে সুন্দর বালকগণের জীবন হরণ করিবে বলিয়া ভয় প্রদর্শন করে। এই পাপত্রোত নিবারণের কি উপায় নাই? দেশহিতিষি ! তোমার রাজনৈতিক উন্নতির চেষ্টা কণকালের নিমিত্ত দূরে কেলিয়া রাখ ! যে ৰালকগণ ভারতের ভবিষ্য আশা তাহাদিগকে এই পাপপঙ্ক হইতে উত্তোলন কর । বিদ্যালয়ের শিক্ষকগণ, তোমরাও নিদ্রিত রহিও না । পবিত্র বিদ্যামন্দিরের এই কলঙ্ক অপসারিত করিবার জন্য বন্ধপরিকর হও। অভিভাবকগণ ! তোমরাও নিশ্চিম্ত রহিও না ।

উৎপাদিকা শক্তি।

পুরুষ ধর্মককাল এবং উৎপাদিকা শক্তি
দুইটী সতন্ত্র পদার্থ। পুরুষ ধর্মক কাল মানব
জীবনের পরিবর্ত্তনের সময়। পুরুষ ধর্মক কালের
স্কুচনা হইতে মানবায়ব প্রকৃষ্টরূপে রন্ধি প্রাপ্ত
হইতে থাকে। যথন সর্বায়ব পূর্ণতা প্রাপ্ত হয়
ষধন অস্থি সকল কঠিন হইয়া উঠে, যথন প্রথম
যৌবনের ভিতিহীন বাসনার পরিবর্ত্তে; সংসার,
পুত্র এবং একজন সঙ্গিনী প্রাপ্তির বাসনা হদয়ে

উদিত হয় দেই সময়ে উৎপাদিকা শক্তির সঞ্চার হইয়াছে বুঝিতে হইবে। এই সময় হইতে পুরুষের ইন্দ্রিয়রতি পরিচালনা করা কর্ত্তরা। নৈতিক ও সামাজিক নিয়ম এবং পবিত্র মানসিক রতির বশবর্তী হইয়া ইন্দ্রিয় চালনা করা কর্ত্তরা। উৎপাদিকা শক্তি সঞ্চারের প্রারত্তেই যুবকনাত্তেরই নিম্ন লিখিত অমূল্য উপদেশ বাক্যটী স্মরণ রাখা কর্ত্তরা। 'বে পারমাণে মানব গুদ্ধ পাশব রতি চরিতার্থ করিতে ব্যথা হইয়া স্ত্রীর সহিত পবিত্র আধ্যাত্মিক সম্বন্ধ ভুলিয়া যায়, সেই পরিমাণে তাহাকে পশুর সহিত উপনিত করা যাইতে পারে।

শুক্রের অবস্থা দর্শন করিলেই উৎপাদিক।
শক্তির সঞ্চার অন্থভব করিতে পারা যায়।
মানব শুক্রে বহুল চঞ্চল কীটাগু দৃষ্ট হয়। এই
কীটাগু ভূলিই শুক্রের সন্তানোৎপাদিকা শক্তির
কারণ। একটীমাত্র শুক্রকীট্যারা গর্ভোৎপত্ন
হইতে পারে। যাহারা অত্যপ্রকাল যুবাভাব
প্রাপ্ত হইয়াছে, তাহাদের, এবং রদ্ধ লোকদিগের
শুক্রে এই কীটাগুর সংখ্যা অনেক কম; এবং

দে গুলি চঞ্চলত নহে। যাহাদের শুক্রে এই
কীটাপু গুলির অসদ্ভাব আছে, তাহাদিগের
সন্তানোৎপাদিক। শক্তি নাই। অনুবীকণ দ্বারা
এই কীটাপু গুলি পরিলক্ষিত হইতে পারে।
অগুকোষ মধ্যে রক্ত হইতে এই শুক্র সৃষ্ট হয়।

পাঁচিশ বৎদর বয়ঃক্রম পধ্যন্ত বীর্যা সতেজ থাকে: তাহার পর হইতে ইহার তেজ হ্রাস হইয়া আইদে। কোন কোন ব্যক্তির আবার মধ্যে মধ্যে শুক্রের তেজ থাকে না। পুরুষ ধর্মক কাল প্রাপ্তির পর হইতে কোষ মধ্যে শুক্র প্রস্তুত হইতে থাকে: এবং সময়ে সময়ে নিদ্রাকালে শুক্র নিঃসূত হইয়া যায়। এই ব্যাপারে অনেক যুবক ভীত হইয়া উঠেন; কিন্তু ভয় পাইবার কোন কারণ নাই। মলমূত্রনিঃসারণের স্থায় পর্যাপ্ত পরিমাণে শুক্র নিঃসরণও চাই। এই প্রকার শুক্র নিঃসরণ হইলেই রতিশক্তি সঞ্চার হইয়াছে বুর্ঝিতে হইবে। তবে শুক্রের অবস্থার প্রতিও पृष्ठि द्रांथा ठाई।

উৎপাদিকাশক্তি সঞ্চারের প্রারম্ভ হইতেই যাহাতে সর্বাদা কামোদ্দীপন না হয় তদ্বিষয়ে যতুবান থাকা কর্ত্তব্য । কামোদ্দীপনের আধিক্য যে সুন্দর স্বাস্থ্যের পরিচায়ক এরপ বিশ্বাদ ভ্রমাত্মক। কুন্ঠ, যক্ষমা ও অন্যান্য কঠিন রোগের প্রারম্ভে অতিশয় কামোদ্দীপন হয়।

উৎপাদিকা শক্তি প্রাপ্তি কালে যে সকল যুবকের স্বাস্থ্যের অবস্থা উত্তম থাকে তাঁহানিগকে আমরা অধিক উপদেশ দিতে ইচ্ছ্ক নহি। তাঁহারা যেন ইন্দ্রিয়রত্তি অধিক পরিমাণে চালনা না করেন। এবং যদ্যপি তথনও তাঁহারা অবিবাহিত থাকেন তাহা হইলে তাঁহারা মনেও যেন অপবিত্র চিন্তাকে স্থান না দেন। মনের সহিত শंরীরের থানফ সম্বন। মন্দচিন্তা শ্রীর ও মন উভয়কেই নফ করে। প্রৌত ব্যক্তিগণকেও আমরা এই উপদেশ দিতেছি যে তাঁহারা চির-কালের জন্য রতিশক্তি প্রয়োগ ইচ্ছা ত্যাগ করিতে ক্রতসংকম্প ২উন। যত বয়ঃজ্রন রৃদ্ধি পাইতে থাকিবে তত্ই তাঁহারা কামর্ভির অর্থী-নতা ত্যাগ করিয়া যে নকল মানব হিতকর কাথ্য জীবনের অলঙ্কার স্বরূপ সেই সকল কার্য্যে ব্যাপৃত रहेन।

রতিশক্তি বহুকাল পর্য্যন্ত সতেজ রাথিবার চেফী করা উচিত। কেননা উহার সহিত মানব-স্থাস্থ্য অচ্ছেদ্য বন্ধনে বদ্ধ।

যে সকল নিয়ম অন্তুসরণ করিয়া কার্য্য করিলে উৎপাদিকা শক্তি অপেকাক্কত অধিক কাল স্থায়ী হয় সে সকল নিয়ম পালন করা সকলেরই উচিত।

উৎপাদিকা শক্তি ২৫ বৎসর বয়ঃক্রমের সময়ে সম্পূর্ণরূপে সঞ্চারিত হয় ও ৪৫ বৎসর বয়স পর্যান্ত সতেজ থাকে। এই ২০ বৎসর কাল মন্ত্রেগ্রের শারারিক ও মানসিক ক্ষমতা নিচয় সতেজ থাকে। এই সময়ের মধ্যে তাহার যে সকল সন্তান উৎপর হয় তাহারা সতেজ হইয়া পাকে। ২৫ বৎসর বয়সের পূর্বে শুক্র পরিপক্তা প্রাপ্ত হয় না, ৪৫ বৎসরের পর কামর্ত্তি প্রবল থাকে না।

নিয়মমত যতু করিলে যে ৪৫ বংশরের পরও উল্লিখিত শক্তি সতেজ থাকিতে পারে তাহার দুই একটী দৃষ্টান্ত আছে। এক ব্যক্তি ৯৯ বং-সর বয়ঃক্রমের পর বিবাহ করিয়া ১০১ বংশর সময় একটী সন্তানোংপন্ন করিতে সক্ষয় হন। আর একজন ৮৪ বৎসর সময়ে বিবাহ করিয়া আটটী সন্তানের জন্মদান করেন!

উৎপাদিকা শক্তির হ্রাস।

পূর্ব্বেই লিখিত হইয়াছে যে ৪৫ বৎসর বয়ঃ-ক্রম হইতে উৎপাদিকা শক্তির ব্রাম হইতে আরম্ভ হয়। কিন্তু এটা নিশ্চিত নিয়ম নহে। কেহ বা ইহার কিঞ্জিৎ পুর্বের, কেহ বা ইহার কিছুকাল পরে শক্তিহীন হয়েন। একবার হ্রাস হইতে আরম্ভ হইলে এই শক্তিকে পূর্ব্বাবস্থায় রাখিবার চেষ্টা র্থা। অংশে অংশে লিক্ষোচ্ছাদ নিরস্ত হয়, শুক্রেরও আর তেজ থাকে না, রিপুও হীন হইতে আরম্ভ হয়। যৌবন প্রারম্ভে প্রণয়, রুতি বিশেষের সহিত সংসৃষ্ট থাকে, প্রৌঢ়াবস্থায় প্রণয় রদ্ধি প্রাপ্ত হয় কিন্তু দে সময় পরিবারবর্গের উপর সেই প্রণয় ছড়াইয়া পড়ে। বার্দ্ধক্যে প্রণয়ের সহিত পাশবরন্তির সম্পর্ক না থাকাই প্রশংসনীয়। তখন আধ্যাত্মিক প্রণয়ের অবতারণার সময় উপস্থিত

হয়। রদ্ধ কালেও কামর্ত্তির উত্তেজনা হইবার ছইটা কারণ থাকিতে পারে; ১ম।—মূত্তাশয়ে বা লিঙ্কপার্শ্বে কোন রূপ "চুলকানির" উদ্ভব। ২য়।—যৌবনের লাম্পট্য স্বভাবের পূর্ব্বস্মৃতি।

রতিশক্তির হ্রাদের দহিত মানবজীবনে ঘোরতর পরিবর্ত্তন হইতে আরন্ত হয়। এই সময়ে
মানব বহুরোগে আক্রাস্ত হইতে পারে; স্কুতরাং
মাহাতে বহুদিন পর্য্যস্ত এই শক্তিকে সবল
রাথিতে পারা মায় তদ্বিষয়ে মতুবান হওয়া
উচিত। আমরা নিমে কতকগুলি নিয়ম নিবিষ্ট
করিয়া দিতেছি। খাঁহার র্দ্ধকাল পর্য্যস্ত সবল
থাকিবার ইচ্ছা আছে তাঁহাকে যুবাকাল হইতে
তদ্বিষয়ে মতুবান হইতে হইবে। যুবাকাল লাম্পট্যে
কাটাইয়া র্দ্ধকালে সবল থাকিবার ইচ্ছা হুরাশান্দার। যৌবনের প্যাপের প্রায়ন্দিত রুদ্ধকালে
হয়।

এদিকে যুবাকাল যত শীঘ্র উপস্থিত হইবে ওদিকে উৎপাদিকাশক্তিও তত শীঘ্র হ্রাস পাইবে। যৌবনে প্রকৃতির নিয়ম লঙ্খন করিলে বার্দ্ধক্যে তাহার ফল পাইতে হইবে। অবিবাহিতই হউন বা বিবাহিতই হউন যুবকগণকে আমরা দাবধান করিয়া দিহৈছে। যুবকমাত্রেই উৎপাদিকাশক্তি প্রাপ্ত হইলে বিবাহ করেন ইহা আমাদের অভি-প্রেত। বিবাইের পরও কেছ যেন ভোগারিকা না করেন। বয়োর ক্ষিত্র সঙ্গে সঙ্গে কামর্তিকে প্রশ্রের দান না করিবার হৈন্টা করা চাই। খ্রী সহবাদের পর যদি শরীর নিসংস্ক অবদন্ন হইয়। পড়ে তাহা হইলে রতিকার্য্য কিছুদিনৈর জন্য বন্ধ রাখা উচিত। বহুকাল স্থায়ী বিচ্ছেদের পর স্ত্রীর मा भिनि इहेरन, ति किया धकरे वित्वना পূর্ব্বক করা চাই। কেননা অনেক দিনের পর হঠাৎ স্ত্রী সহবাস আরম্ভ করিলে বিশেষ পাড়া इहेराव मखर।

কতকণ্ডলি পীড়া হইলে অতি ভোগের বাসনা প্রবল হইয়া উঠে। অর্শ, চুলকানী, পাথরী লিক্ষপ্রদাহ ইত্যাদি রোগে কামেছা অতিশয় বলবতী হয়, সূত্রাং এই সকল পীড়া বশতঃ রতি শক্তি হ্রাস হইয়া যায়। অনেক স্থলে মস্তিক্ষের পীড়া বশতঃ কামর্বত্তি সাতিশয় উত্তে-জিত হইয়া উঠে। যক্ষা ও কুঠরোগের প্রার- জ্ঞেই অযথা রতিপ্রার্থিত উদ্ভূত হয়। পীড়া বশতঃ কামেচ্ছার আধিকা হইলে কোন একজন সুবিজ্ঞ চিকিৎসককে সমস্ত অবস্থা বলা উচিত। ঔষধ সেবনে অন্যায় কামেজ্য দমিত হইয়া উৎপাদিকা শক্তি অকুন্ন অবস্থায় রহিয়া ঘাইতে পারে।

মাননিক পরিশ্রমের আদিক্য হইলেও উৎপাদিকা শক্তি শীঘ্র হ্রান পায়। বহুকাল ব্যাপিয়া
যাহারা অশ্বারোহণে ভ্রমণ করিতে অভ্যন্ত, তাহাদের উৎপাদিকা শক্তি বহুকাল স্থায়ী হয় না।
যে সকল কার্য্য করিতে হইলে কেবল বিদিয়া
থাকিতে হয় কিয়া অনবরত হাঁটিতে হয়,
অনেকদিন ধরিয়া দে সকল কার্য্য করিলে রতিশক্তির বিশেষ ক্ষতি হয়। আট দশ বৎসর অন্তর
দেশ ভ্রমণ খুব ভাল। কামেছা উত্তেজিত হয়
এপ্রকার কোন কার্য্য করা উচিত নহে। অনেক
গুলি ভ্রেয় আছে যাহা থাইলে কামেছা বলবতী
হইয়া উঠে। সে সকল খাদ্য ব্যবহার না করাই
কর্ত্ব্য।

কল, মূল, উদ্ভিজ্জাদি সেবনে কামেছা দমিত হয়, কিন্তু ইছা সেবনে শারীরিক বল ও কথঞ্চিৎ পরিমাণে কমিয়া যায়। নিরবচ্ছিন্ন মাংসাহারও
কোন মতে প্রশংসনীয় নহে। উদ্ভিজ্ঞাদির সহিত
কিঞ্চিৎ পরিমাণে মাংসাহার করিলে শরীরের
উপকার ভিন্ন অপকার হইবে না। মৎস্থা, ডিম্ব
ইত্যাদি অনেকে উপকারী বিবেচনা করিয়া
থাকেন। মৎস্থা Phosphorus (প্রক্ষুরক) অপপ পরিমাণে আছে, স্বতরাং তাহা সেবনে রতিশক্তি উত্তম অবস্থায় থাকিতে পারে; কিন্তু অধিক পরিমাণে সেবন করিলে কামেছা বলবতী
হইবার সন্তব।

যাহা কিছু আহার করা যাইবে তাহার সহিত অধিক পরিমাণে কাল মসলাদি মিশ্রিত করা উচিত নহে। তবে কাল মসলার নিতান্ত অভাবও প্রশংসনীয় বলিতে পারি না।

সুরাপান করিলে উৎপাদিকা শক্তি শীছই অপনীত হইতে থাকে। ককি পরিমিতরূপে সেবন করিলে রতিশক্তি রৃদ্ধি পায়, কিন্তু অধিক পরিমাণে সেবন করিলে রতিশক্তি হীন করিয়া তুলে। তামাক অতিশয় ক্ষতিকর। তামাক সেবনে নিশ্যাই রতিশক্তি নক্ট হয়। তামাক

স্বর্দোষের জন্মদাতা। সিদ্ধি বা অক্যান্য মোদক দ্ৰত বিশেষ হানিজনক। Phosphorus, Cautharides ধারক ও বিরেচক ঔষধ, ব্লিফার এবং টার্পিন স্থবিজ্ঞ চিকিৎসকের ব্যবস্থা লইয়া ব্যবহার করা উচিত। এইসকল ব্যবহারে অন্যায় কামোদ্দীপন হয় ৷ অনেকে ইচ্ছাপ্রবৃক কামোদ্দীপক ঔষধ ব্যবহার করিয়া থাকেন, কিন্তু এই সকল ঔষধ নিতান্ত ক্ষতিজনক। আজি, কালি, সংবাদপত্তে রতিশক্তি রৃদ্ধিকারক ঔষধের বিজ্ঞাপন দেখিয়া অনেকে সেই সকল ঔনধ ক্রেয় করিয়া থাকেন; আমরা সকলকেই এবিষয়ে সাবধান করিয়া দিতেছি। কপুরি, যবক্ষার (সোরা) Bromide of Pottassium ব্যবহার করিলে কাগেছণ কমিয়া সামে: কিন্তু এ সকল ব্যবহার করিলে অনেক স্থলে অপকারও হইতে পারে, সুতরাং চিকিৎ সকের পরামর্শ না লইয়া এ সকল ঔষধ ব্যবহার করা কোনমতে উচিত নহে। হরিতকী সেবনে কামেচ্ছা হীন হয়, কিন্তু উহাতে রতিশক্তির বিশেষ অনিষ্ট হয়।

আমাদের দেশে,তামাকও মদ লোকের সর্বনাশ

করিতেছে। তামাক ও মদ সেবনকারী যে কেবল স্বয়ং শক্তিহীন হইয়া পড়ে তাহা নহে, তাহার সন্তানসন্ততিগণও পিতৃপাপের ফলভোগ করিয়া থাকে। কেরাণীগিরি ও সরকারী করাই আমা-দের দেশের অধিকাংশ লোকের অদুষ্টে ঘটিয়া থাকে। এই হুই কার্য্যই রতিশক্তির হ্রাসকারক। কেন না কেরাণীগিরিতে সমন্তদিন ব্সিয়া থাকিতে হয় এবং সরকারীতে সারাদিন ঘুরিতে হয়। জল, বায়ুর দোষে বাঙ্গালী নিত্তেজ হইয়। পড়িতেছে, অনেকের এই বিশাস: তাঁহাদের ভাবিয়া দেখা উচিত যে কেরাণী ও সরকারগণের সন্তান সন্ততি সতেজ হইতে পারে না। অনেকে আবার সকল দোষই বাল্যবিবাহের ক্ষন্তে ন্যন্ত করিতেছেন। তাঁহারা বোধ হয় তামাক ও সুরা-বিশের কথা ভ্রমেও ভাবিয়া দেখেন না।

আমরা পূর্ব্বেই বলিয়া আদিয়াছি যে রতি-শক্তির সহিত শরীরের সমস্ত রতির বিশেষ সম্পর্ক আছে। জননেন্দ্রিয় সম্বনীয় কোৰও পীড়া হইলে, শরীরে অন্যান্য অনেক প্রকার ব্যাধির উদ্ভব হইতে পারে। মনও নিস্তার পায় না। কামস্বৃতিকে অপরিমিতরপে প্রশ্রের প্রদান করিলে অনেক ব্যাধির উৎপত্তি হয়। অনেক চিকিৎসক ব্যাধির এপ্রকার কারণ নির্দ্দেশ করিতে লক্ষা অন্তত্তব করেন। কিন্তু আমাদের মতে এপ্রকার অন্তায় লক্ষা পরিহার করা উচিত।

অবিবাহিতাবস্থার সুবিধা ও অসুবিধা।

বিবাহ করিবার পূর্বের, বিবাহ করা উচিত কি অনুচিত তাহা বিবেচনা করিয়া দেখা বিধেয়। আমরা নিয়ে বিবাহিত ও অবিবাহিত অবস্থার সুবিধা ও অসুবিধা তুলনা করিয়া দেখিব।

দেহের বিনাশের সহিত যদি মানবের সমস্ত কুরাইয়া যাইত, তাহা হইলে বিবাহ না করাকে জামরা অতান্ত গর্হিত কাথ্য বলিয়া নির্দ্দেশ করিতাম। কিন্তু ইহলোকের এই কণভঙ্গুর জীবনই সন্থারে সর্বাস্থ নহে; এ জীবনের পর আর এক অনন্তজীবন আছে। সেই জীবনের সুপভোগ চেষ্টা এ জীবনে করিতে হইবে।

অবিবাহিত থাকিলে যে কোন মহৎ কার্য্য হাদয়ের সহিত যেলে দি.ত পারা যায়। বিবাহিত হাইলে, স্ত্রী-পুত্র-পালন-চিন্তায় বিত্রত হওয়ায় অনেক সময় রুথায় নফ হয়। জগতে থাহারা মহৎন্যাপার অনুষ্ঠান করিয়া অক্ষয় কীর্ত্তি স্থাপন করিয়াছেন, ভাঁহাদের মধ্যে অনেকেট অবিবাহিত
ছিলেন। নিউটন,কাণ্ট ইতাাদি ভাহার প্রমাণ স্থল।

বংয়সংক্ষেপের অন্ধরোধে অনেকে বিবাহ হইতে নিরস্ত হ'ন। কিন্তু এরপস্থলে প্রায়ই কুনী-তির প্রাত্নভাব দেখিতে পাওয়া যায়।

প্রাচীন রোমের পতনের পূর্ব্বে বিবাহপ্রথা তথা হইতে প্রায় উঠিয়া গিয়াছিল। রোমের পতনের বিশিষ্ট কারণও তাই।

অনেকে বলেন যে "এ সাধের স্বাধীন জীবন কেন বিবাহশৃগ্ধলে আবদ্ধ করিব ? অবিবাহিত অবস্থায় আমার যাহা ইচ্ছা আমি তাহাই করিব, কাহার নিকট কারণ দর্শাইতে হইবে না, নিজের ভিন্ন অন্য কাহারও স্থবিধার দিকে আমার দৃষ্টি করিয়া কার্য্য করিতে হইবে না। আমার নিজ গৃহে আমি একাধীশ্বর হইয়া রাজত্ব করিব; 'দাধের প্রাণে কোন্ প্রাণে ফাঁদি পরাইব' ?'', এ দকলি মত্য। কিন্তু আমরা জিজ্ঞাদা করি তাঁহারা অবিবাহিত অবস্থায় কি মনের সুথে আছেন ?

কতকগুলি লোকের অবিবাহিত থাকা কর্ত্তব্য। তবে অধিকাংশ লোকের বিবাহ করা উচিত ৷ এমন অনেক লোক আছেন যাঁহারা স্ত্রীজাতিকে বিষ নয়নে দেখিয়া থাকেন। তাঁহাদের বিবাহ না করাই উচিত। অবিবাহিতাবস্থায় যাঁহাদের পিতা, মাতা, ভাতা ইত্যাদি পরিবার বর্গের ভরণ-পোষণ ভার এইণ করিতে হইয়াছে তাঁহারা বিবাহ না করিলে দোষ নাই। যে সকল পীড়া পুরু-ষাণুক্রমে সংক্রামিত হইতে পারে দে সকল ব্যাধি বিদ্যমানে বিবাহ করা নিতান্ত যুক্তিবৈরুদ্ধ। ধজভত্প রোগগ্রস্ত ব্যক্তির বিবাহ করিতে নাই। যাঁহার, মানবহিতার্থে, ঈশ্বর চিন্তায় কিয়া শাস্ত্র-ষ্ঠায় জীবন উৎসর্গ করিবার ইচ্ছা আছে তাঁহার বিবাহ না করাই উচিত। যিনি ছদয়ের সমুদায় বাসনা, সমুদয় রুত্তি কেবল একমাত্র মহৎ কর্ম্মে নিবিষ্ট করিতে পারেন তিনি অবিবাহিত থাকিলে

ক্ষতি নাই। কিন্তু শুদ্ধ অধিবাহিত থাকিলেই চলিবে না স্কর্যের প্রিত্রতা চাই। অবিবাহিত থাকিয়া যিনি লাম্পট্য দোষে ুষিত, কিন্তা মনেও পাপচিন্তার অবতারণা করেন তাঁহার সায় পাণী আর জগতে নাই। গুদ্ধ দেই ব্যক্তিকে আমর। পূজা করিব – যিনি অবিবাহিত থাকিয়া মনেও পাপচিন্তা না করেন। ব্যক্তিচার বা হন্তদৈথন ना कंतिरलई ननांगती द्याना, यादात क्रमरा नतक বর্ত্তমান আমরা তাহাকে কি করিয়া স্বর্গবাদী विनव ? जारनरक वरतान या विवाह ना कतिरता প্রমেহ রোগজনো, ইন্দ্রিয় ক্ষমতা স্থাস পায়: একথা সত্য নহে। যাঁহারা অবিবাহিতাবস্থায় মনেও পাপচিন্তা না করেন তাঁহাদিগের ইব্দিয়চয় সতত সবল থাকে, তাঁহারা কোন ব্যাধিএন্ত হন না ৷ কিন্তু যাহাদের হৃদর পিশাচের আবাসভূমি তাহারা নিশ্রাই নানা ব্যাধিগ্রস্ত হয়, তাহাদের ইন্দ্রিচয়ও শীঘ্র শক্তি হীন হইয়া পড়ে।

দীর্ঘজীবী হয় কাহারা ?—বিবাহিত লোকেরা ন: অবিবাহিত লোকেরা ? ক্রান্স, ইংলও, স্কটলও এবং আমেরিকার বিবরণ পাঠে জানা যায় যে

তথায় সত্তর বৎসর বয়ক্ষ বিবাহিত লোকের সংখ্যা ঐ বয়সের অবিবাহিত লোক সংখ্যার দ্বিগুণ। ইহার কারণ কিও বিবাহিত ব্যক্তি প্রায়ই ই ব্য়ভোগের আধিক্য হইতে বিরত থাকেন। ভাঁহার খাদগদিও বিশেষ যতু সহকারে প্রস্তুত হইয়া থাকে। তিনি পীড়াগ্রস্ত হইলে তাঁহার জাবন-সঙ্গিনী প্রাণপণে তাঁহার গুশ্রুষা করেন। সুস্থ অবস্থায় পাছে ভাঁহার কোন প্রকার পীড়া জন্মে সেই আশস্কায় তাঁহার স্ত্রী কত যতু করেন। সতত কার্য্যে মননিবিষ্ট থাকায় ভাঁহাকে চিন্তাবিষে জর্জারীভূত হইতে হয় না। সন্তান সন্ততির আনন্দপূর্ণ মুখ দেখিয়া তাঁহার হৃদয় উদ্ভ-সিত হইয়া উঠে। ুত্র কন্যাগণের ক্রীড়া কৌতুক সন্দর্শনে তিনি যেন তাঁছার বাল্যকাল আবার ফিরিয়া পান।

অবিবাহিত ব্যক্তির জীবনের কাহিনী ইহার বিপরীত। হস্তমৈথুন করিয়া সে তাহার স্বাস্থ্যভঙ্গ করিয়া ফেলে। কামর্ত্তিকে দমন না করিয়া সে রুণার্হ্ব্যভিচার স্রোতে গা ঢালিয়া দেয়। অধি-কাংশই উন্মাদগ্রন্ত হয় কাহারা? অবিবাহিত ব্যক্তিগণ। প্রায়ই আত্মহত্যা করে কাহারা ? অবিবাহিত ব্যক্তিগণ।

তাই আমরা বলিতেছি যে যিনি অবিবাহিত অবস্থায় হৃদয়ের পবিত্রতা রক্ষা করিতে পারিবেন না, তাঁহার বিবাহ করাই কর্তব্য । না করিলে তাঁহাকে শত শত রোগপ্রস্ত হুইয়া নরক্ষন্ত্রনা ভোগ করিতে হুইবে। অবিবাহিত অবস্থায় হৃদয়ের পবিত্রতা রক্ষা করিতে পারেন এ প্রকার মন্ত্র্যসংখ্যা নিতান্ত সংস্থা। আমানের ইচ্ছা যে সকলেই উৎপাদিকাশক্তি প্রাপ্ত হুইয়া বিবাহ করেন।

इस्टरियून।

হস্তনৈথুন প্রায় বালকদিগের মধ্যেই প্রবল।
তবে এমন অনেক রন্ধ লোকও দেখা গিয়াছে
যাহারা এই পাপের বণী ভূত হইয়া আছে। ইহার
অন্তথকারিতা সম্বন্ধে চিকিৎসকগণের মতভেদ
আছে। অনেকে বলেন যে প্রায় অধিকাংশ
বালক ও যুবকেই হস্তনৈপুন করিয়া থাকে অথচ

তাহারা বিশেষ কোন ব্যাধিগ্রস্ত হয় না, স্বতরাং এ সম্বন্ধে কিছু লিখিবার আবশ্যক নাই। কিন্তু অধিকাংশ চিকিৎসকের মত যে এই গর্হিত অন্ত-ষ্ঠানের কল অতিশয় শোচনীয়। ইহা করিলে মান-সিক রতিনিচয় ক্ষীণভাব ধারণ করে এবং সান:-বিধ ছুশ্চিকিৎস্থ রোগের সঞ্চার হয়। মনে ঘুণিত সার্থপরতার উদ্রেক হয়, উন্নতচিন্তা বা মান্য-मक्रत्नञ्चा क्रमरश स्थान शांश ना । जन १ हि छ। कीव-নের সহচর হইয়া উঠে। কথোপকথনেও অসৎ-প্রাসঙ্গ আদিয়া পড়ে। পুস্তকের অসৎ অংশই পড়িতে প্রবৃত্তি হয়। স্ত্রীলোকের মুখপানে চাহিতে লজ্জাবোধ হয় এবং স্ত্রীলোকের প্রতি ঘুণাতাবের সঞ্চার হয়। হস্তমৈথুনকারী উন্মাদএস্ত হইতে পারে, তাহার উন্মত্তা প্রায়ই সারোগ্য হয় না।

এই সকল জানিতে পরিয়াও কি অভিভাবক-গণ সাবধান হইবেন না ? বিদ্যালয়ের অধিকাংশ ছাত্রই এই ম্বণিত অন্তুষ্ঠানে অভ্যস্ত। ইহার ফল কত ভীষণ তাহা না জানিয়াই বালকগণ ইহাতে রত হয়। এই কাধ্য যে কতনূর বিভীষিকাময় তাহা বালকগণকৈ অবগত করাইলে তাহারা কোন মতেই ইহাতে রত হয় ন ।

অতি অস্পাবয়দেই বালকগণ হস্তমৈপুন করিতে আরম্ভ করে। একবার সভাগে জন্মিয়া গেলে একার্য্য হইতে বিরত হওয়া কঠিন। অভি-তাবকগণ একটু দাবধান হইলে এই কুখভাাদ জন্মাইতে পারে না। বাল্যকালে ভৃত্য ও মন্দ-मङ्गीभवर এই পাপকাर्भात निकारनम, यूनाजान প্রাপ্তির সময়ে কামেছা প্রবল হওয়ায় অনেকে এই য়ণিত অনুষ্ঠান আরম্ভ করে। জভিভাবক-গণের স্পষ্ট উপদেশ দেওয়া উ চত। এরপ কার্য্য হইতে বিরত হইবার জন্ম ভূয়োভুয়ঃ নিষেধ করা আবশ্যক। অমরা ৯১১০ পৃষ্ঠার যে সকল নিয়ম স্মিবে শত করিয়াছি সে নকল নিয়ম লখ্যন করা কোন মতেই যুক্তিসিদ্ধ নহে। অন্ধণান্ত্রের প্রভৃত আলেচনা প্রশংসনীয়। অন্ধ্রণাস্ত্রে মন নিবিষ্ট হইলে কাম প্রবল হইবার গ্রস্কর প্রাপ্ত হয় না। প্রধানের কাহিণী ও প্রধানের কবিতা বালক্রিণকে পাঠ ক'রতে দেওয়া উচিত নছে।

যাঁহার। এই অভ্যাস ত্যাগ করিতে ইচ্ছুক্,

তাঁহারা প্রথমে মনকে পবিত্র করিবার চেষ্টা করুন।
কামোত্তেজক খাদ্য ত্যাগ করুন। কোনও এক
নির্দিষ্ট সময়ে এই পাপান্মগানের ইচ্ছা বলবতী
হয়, সেই সময়ে মনকে কোনও বিষয়ে ব্যাপৃত
রাখিতে চেষ্টা করুন। ৯৩১০ পৃগায় যে সকল
নিয়ম সাম্নবেশিত হইয়াছে তদন্মনারে কার্য্য করুন।
ঔষধাদি ব্যবহারেও কামনির্ভি হইতে পারে।
সে সম্বন্ধে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করা
বিধের। যাঁহারা লক্জাবশতঃ চিকিৎসকের
সাহায্য লইতে বিমুগ ভাঁহাদের জন্য নিম্নলিখিত
ঔষধগুলির ব্যবন্থা করা গেল।

Bromide of Potash ... 1 dram Simple Syrup ... 1 ounce জন ২ ইন্স ৷

যাঁহার। নিতান্ত হুর্ঝলতা অন্তত্তব করিবেন ভাঁহাদিগের জন্য নিম্নলিখিত ব্যবস্থা করাগেল।

Tineture of chloride of iron ... 2 drams
Sulphate of Quinine ... 1 scruple
Syrup of ginger ... ½ ounce
電子 经有 1

আহারের পর এক এক চামচ করিয়া খাইতে

ছইবে। মকরম্বজও যথেষ্ট উপকার করিতে পারে।

অনেকে এই কু অভ্যাস দূরীকরণ বাসনায় বিবাহ করিবার পরামর্শ দান করিয়া থাকেন। কিন্তু আমরা এ প্রকার স্থণিত উপদেশ প্রদান করিতে ইচ্ছক নহি। এই প্রকার অভিপ্রায়ে পবিত্র বিবাহবস্কনে আবদ্ধ হইতে আমরা কাহা-কেও অভ্যারাধ করিতেছিনা কেবল পাশবর্রতি চরিতার্থ করিবার জন্ম থাহাকে বিবাহ করিলে তাহার সহিত কি পবিত্র প্রণায় জন্মিতে পারে?

কোন কোনব্যক্তি আবার পুংমৈগুন করিবার উপদেশ (१) দেন। ইফা পেক্ষা অমন্তপদেশ আর কি হইতে পারে
থ বারু হরিশ্চন্দ্র শৃষ্যা তাঁহার "জীবন-রক্ষকে" বোগুলয়ে গমন করিবার ব্যবস্থা দিয়াছেন, "আগ্রদর্শন" উক্ত পুস্তক সমালোচনস্থলে সেই ব্যবস্থার অন্তমোদন করিয়াছেন। কিন্তু আমরা কোন মতেই এপ্রকার ব্যবস্থার অন্তমোদন করিতে পারি না; একটা পাপনিবারণের জন্ম জার একটা পাগ্জনুভানের ব্যবস্থা দান করিয়া হাস্থাম্পদ হইতে প্রস্তুত নছি। আমরা "গোরু মেরে জুতা দান" নীতির পক্ষপাতী নহি।

তবে উপায় কি १ যিনি যে ব্যবস্থ। প্রদান করিয়াছেন আমরা যদি দেই সমস্তই অন্যায় বলি-লাম তবে এই পাপ হইতে মুক্তি পাইবার উপায় কি ও মরা বলি দৃতপ্রতিক্ত হইয়া চেষ্টা করিলেই এই অভ্যাস বিদ্যারত হইতে পারে: তবে নিতান্ত বদ্ধমূল হইলে বিদূরিত হইবার সন্তা-বনা অপে। ব্রিষ্টার ব্যবহার এবং অন্যান্য উপায় ্**গুলি কোনও সুবি জ্ঞ চিকিৎসকের নি**কট জ্ঞাতব্য **।** বতু করিয়াও যিনি এই পাপের হস্ত হইতে মুক্তি-লাভ করিতে পারিবেন না, ভাঁহাকে আর আগর কি বলিব ৭ তাঁহার জীবনমট হইলেও আমরা অধিক হুঃথিত হইব না। যাহার হলয়ে অধ্য-বসায়, দৃতপ্রতিজ্ঞতা এবং আত্মাদরের গেণনাত্রও নাই সে পৃথিবীর কি উপকার করিতে পারে ? "যত্নে ক্লতে যদি ন "সিধ্যতি তৎ কোৎত্ৰ দোষঃ" এ মহাবাক্য এস্থলে খাটিবে না।

''ধাতুর পাড়া।''

পূর্বেই বলা হইয়াছে যে নিয়মিতরূপে পরি-চালিত করিলে কামরতি হইতে স্বদীম আনন্দ অনুভব করা যাইতে পারে। কিন্তু স্থনিয়মবশতঃ আমাদের জননযন্ত্রের অপ্পান্ত বিক্ষৃতি জন্মিণে অশেষ যন্ত্রনা ভোগ করিতে হয়। আঘার কথন ক্রমন বাস্তবিক বিক্লতি উপস্থিত না থাকিলেও অনেকে বিকৃতি জ্মিয়াছে ভাবিয়া নিতার চিন্তিত হয়েন। পুরুষণনের গঠনও কেমন আশ্চর্যা। পুরুষ জননেন্দ্রিয় দায়নীয় দামান্য পীড়া হইলেও ভাবিয়া আকুল হইয়া উঠে: জীবনের আশা একেবারে ভ্যাগ করে। সূত্রং কোন কোন স্থলে ভয়ের কারণ আছে এবং কোনু কোন স্থলে পুরুষ রুথাভায়ে কাতর হয় তাহা আমরা লিখিব।

"ধাতুর গীড়ার" কথা অনেকেই জ্ঞাত আছেন। এই রোগে অনিজ্ঞাসতেও বীর্য্য স্থালন হয়। নিজাকালে, মলত্যাগ সময়ে, কিয়া অণপকামোদীপন হইলে বীর্য্য স্থালিত হয়। আমরা
এই রোগের লক্ষণাদির বিষয়ে কিছু বলিবার
পূর্ব্বে হুই একটা কথা বলিতে চাই। অনেকের
মপ্তাহে ২।৩ বার নিজাকালে বীর্য্যস্থালিত হয়।
তাঁহারা কোনও উৎকট রোগাক্রান্ত হইয়াছেন
বিবেচনার অনার হইয়া উঠেন। যদি পরিমিত
পরিমাণে এ প্রকার রেতস্থালন হয়—তাহা হইলে
কোনও বিশেষ ভয়ের কারণ নাই। ইছা হুর্ব্বলতা
বা রোগের চিহ্ন নাহ বরং অনাময়ের পরিচালন।
তাহা হইতে কোনও রোগের সৃষ্টি হয় না। তারস্থ

বাস্তবিক থাতুরপীড়া হইনে রোগী স্বরং তাহা নির্দ্ধারিত করিতে পারিবেন না; স্কুতরাং নাহার রথা আকুল হইবার আইঞ্চক নাই। তবে মলপি তিনি তাঁহার স্বাস্থ্যভঙ্গ হইতেছে দেখিয়া "গালুর-পীড়া" তাহার কারণ বিবেচনা করেন তাহা হইলে তাহার কোনও চিকিৎসককে সমস্ত বিবরণ বলা উচিত। ইহা লজ্জার বিষয় নহে। লম্পট ও সাধু উভয়েরই এই পীড়া হইতে পারে।

এই রোগ হইলে প্রত্যাহই বীর্যাক্ষয় হইতে থাকে। স্মরণশক্তি ও অন্যান্য মানসিক রুতি-নিচয়ও হ্রাস পাইতে থাকে। সর্বাবয়ব পাংশুবর্ণ হইয়া থায়, চক্ষু নিস্প্রভ হয়,মনের ক্ষূর্ত্তি থাকে না। ইন্দ্রিয়চালনা অসম্ভব হইয়া উঠে, মনে ভয়ানক বিষাদের আবিভাব হইতে পারে,আসঙ্গলিপ্সাহ্রাস হইতে দেখা গিয়াছে। এই সমস্ত লক্ষণের কতক-গুলি উপস্থিত থাকিলে চিকিৎসকের পরামর্শ লওয়া কর্ত্তব্য। আমরা পূর্ব্বেই বলিয়াছি যে রোগী স্বয়ং এই রোগ হইয়াছে কি না স্থির করিতে পারে না। উপযুর্তক লক্ষণগুলি এই রোগ ভির অন্য কারণেও হইতে পারে। নিঃসূত পদার্থ অনেক সময়ে শুক্রও না হইতে পারে। নিঃসৃত পদার্থ শুক্র কি না তাহা অনুবীক্ষণ দ্বারা পরীক্ষা कतिरलहे कांना याहेरठ शारत। निःमृठ शामार्थ বাস্তবিক শুক্র হইলেও নিতান্ত শক্কিত হইবার কারণ নাই ৷ কত লোক বহুল শুক্রক্ষয় সত্ত্বেও বহু मिन कीवन धाद्रशंकरत । **এমন** कि कीवत्नत्र कान এक रहान मन जारिशत ममय श्रीय मकन लिरिकति কিঞ্চিৎ পরিমাণে বীর্ঘ্য নিঃসত হয়। এ প্রকার

শুক্রক্ষ হইলে অধীর হইবার কোন বিশেষ কারণ নাই; মন পবিত্র রাখিলে কইন্ডোগ করিবার সম্ভব নাই। কিন্তু বাস্তবিক ধাতুর পীড়া হইলে ভাবনার বিষয় আছে বটে। কি কারণে এই রোগের সঞ্চার হয় আমরা তাহা লিখিতেছি। যাহাতে এরোগের সঞ্চার না হয়, তদ্বিষয়ে সকলেরই যতুবান হওয়া উচিত।

হস্তমৈথুনই এই রোগের প্রধান কারণ। হস্ত-নৈপুনহেতু যে ধাতুর পীড়ার অবিভাব হয় তাহা শীব্র আরোগ্য হয় না। কেন না হস্তমৈপুনকারী কোন মতেই ঐ নারকীয় ব্যাপার হইতে নিরস্ত হইতে পারে না৷ যতই সতর্ক করিয়া দেও, পাপী সে কথায় কর্ণপাতও করিবে না। ভোগা-ধিক্যও এই রোগের আর একটা কারণ। বিবাহিত অবস্থার অপরিমিতরূপে ইন্দ্রিয়রতি চালনা করি-লেও এ পীড়ার উদ্ভব হইতে পারে। কিন্তু অধি-কাংশ অবিবাহিত লোকেই অবৈধরূপে ইন্দ্রিয় চালনা করিয়া এই রোগগ্রস্ত হয়। অসংচিম্ভাও এই ব্যাধি উৎপত্ন করিতে পারে। পেটে ক্রমি वा कुछ थाकिल, পाथती विमामान थाकिल এই

রোগ জন্মিতে পারে। বহুদিন স্থায়ী উদরপীড়া, অপরিচ্ছন্নতা, চর্মারোগ, মদ্য বা তামাক সেবন, অত্যধিক মানসিক শ্রম, শারীরিক পরিশ্রমের অভাব এই সমস্তই এই রোগ উৎপাদন করিতে পারে। সর্বাদা স্বাস্থ্য-বিজ্ঞানের নিয়মের প্রতি দৃষ্টি রাখিয়া কার্য্য করিলে কেইই এই রোগাক্রান্ত হইবেন না।

কু অভ্যাস ও কুসঙ্গীত্যাগ, কুভাব এবং অসৎগ্রন্থ পরিহার না করিলে এই রোগ হইতে
আরোগ্য হইবার উপায় নাই। আমোদ, কার্য্য
বা পাঠে মন নিবিষ্ট করিবার যত্ন করা উচিত।
ডাক্তারি পুস্তক পাঠ না করাই উচিত। কেন না
তাহাতে মনের উদ্বেগ রদ্ধি প্রাপ্ত হয়। আহারের পর নিম্নলিখিত ঔষধটী সেবন করিলে যথেষ্ট
উপকার পাওয়া যাইতে পারে। এই ঔষধটী
সাবধান পূর্বকে সেবন করা উচিত; দাতে যেন
স্পর্শ না হয়, তাহা হইলে দাঁতের ক্ষতি হইতে
পারে।

Muriated Tincture of iron

... 20 drops

কিন্তু "কোঠ পরিকার" না হইলে উক্ত ঔষধটী সেবন করা উচিত নহে। স্নান করিবার সময় উচ্চ হইতে মেরুদণ্ডের উপর দশ মিনিট পরিয়া জলসেচন করা উচিত। শয়ন করিবার পূর্ব্বে মূত্রত্যাগ করা চাই। চিৎ হইয়া শয়ন করা নিতান্ত অন্তুচিত। অনেকে লিঙ্গপার্গ্বে আইনিং-প্লাস্ (Isinglass) লাগাইয়া শয়ন করিবার ব্যবস্থাও দেন।

গুপ্তব্যাধি।

-038880-

डेशमश्य ७ शरमङ।

উপনংশ রোগ বেশ্যাসংসর্গের বিষময় কল।
ইহা অপেক্ষা সংক্রামক পীড়া আর কিছুই নাই।
কেবল যদি পাপীলোকই এই পীড়াক্রান্ত হইত
তাহা হইলে আমরা ইহা তাহার পাপের উপযুক্ত
প্রতিকল বিবেচনায় নিশ্চিত্ত থাকিতে পারিতাম।
কিন্তু অনেকস্থলে নিরীহ ব্যক্তিগণ হতভাগা
লম্পটগণের সংস্পর্শে এই পীড়াক্রান্ত হয়েন।

লশ্পটের হতভাগিনী স্ত্রী এবং তাহার সন্তাননিচয় তাহার পীড়ার হস্ত হইতে নিস্তার পায় না । এই পীড়া চারি পুরুষ পর্যান্ত সংক্রামিত হইতে পারে। এই রোগাক্রান্ত ব্যক্তি যে দ্রব্য স্পর্শ করে তাহা অন্ত কেহ স্পর্শ করিলেই রোগাক্রান্ত হয়। সামান্ত একটী চুম্বনের দ্বারাও এই রোগ সংক্রামিত হইতে পারে।

অনেকে আমাদিগকে রুথা আশস্কাকারী বলিয়া ভর্পনা করিতে পারেন। কিন্তু আমরা তজ্ঞ গুঃখিত হইব ন।। আমরা জানি যে আমরা সত্য কথা ঘোষণা করিতেছি, এবং যে পাপের বিরুদ্ধে আমরা লেখনী ধারণ করিয়াছি তাহাও বহুল পরিমাণে বিদ্যোন রহিয়াছে। এই পীড়া অতি অপ্পেই নয়ন গোচর হয়, একথা লিখিতে পারিলে আমরা অতিশয় স্থী হইতাম। কিন্তু আমাদের মে কথা কে বিখাম করিত গ এমন নগর নাই, এমন আম নাই, এমন পল্লী নাই যে স্থলে বেশ্যাদংসর্গজাত পীড়া বিরল। ধনীর थामारि वा पितरापुत कृतिरत, ममाराज्य मकल অবস্থার লোকের মধ্যেই এই পীড়া বিদ্যমান

রহিয়াছে। আর কাছারও নীরবে থাকা উচিত নহে। সকলে মিলিত হইয়া যাহাতে এই দিন দিন বর্দ্ধান রোগ অদৃশ্য হয় তজ্জ্ব্য চেফী করা উচিত।

বেশ্যাসংসর্ফে তুইটী পীড়ার উদ্ভব হয়। প্রমেহ এবং উপদংশ। উপদংশ রোগই এই চুইটীর মধ্যে অধিকতর ভয়াবহ। সামেরিকা আবিফারের পূর্বে ইউরোপে উপদংশের নামও ছিল না। অনেকে বলেন যে কলম্বদের নাবিকেরাই ইউ-রোপে এই রোগের অবতারণা করে। খ্টীয় ১৫০০ শতাকী হইতে ইউরোপে এই পীড়ার জাবি-ভাব ; তৎপরে সমগ্র পৃথিবী আক্রমণ করিয়াছে। প্রমেহ রোগ বহুদিন হইতে বিদ্যমান আছে। কিন্তু ইহার তেজ পূর্ব্বাপেকা অনেক রৃদ্ধি প্রাপ্ত ছইয়াছে। সভ্যতা এবং সুনীতি এই রোগের নাশ করা দূরে থাকুক, ইহা ক্রমে ক্রমে রুদ্ধি পাইয়াছে।

যুবকেরা যদ্যপি বেশ্যাসঙ্গমজনিত ভয়ানক বিপদের কথা অবগত থাকিতেন তাহা হইলে তাঁহারা এই ঘূণিত অনুষ্ঠান হইতে বিরত্ত থাকিতে দৃত্পতিজ্ঞ হইতেন। কোন বুদ্ধিমান লোকই কণস্থায়ী আমোদের জন্ম সমগ্রজীবনের সুখ নফ করিতে প্রস্তুত হইবেন না। বিপদের কথা না জানিয়াই সকলে এই কার্য্য করিয়া থাকে। আমরা এই ছুইটা পীড়ার বিষমর কল দেশাইয়া দিতে চেন্টা করিব।

প্রমেছরোগ পু চষাপুক্রমে সংক্রামিত হয় না, কিন্তু রোগী যাবজীবন কষ্ট পাইতে পারে। তাছার মূত্রনালী সম্কৃতিত হইয়া যায়। মূত্রালয় ফুলিয়া डेर्छ। अक्रकर इन्टें थार्के, अञ्चावकारन जाना বোধ হয়: বোণার ধজভদ্ন রোগও হইতে পারে: তাহার নানাবিধ চর্মারোগ দেখা দেয়। কোন কোন স্থলে চুরারোগ্য বাভরোগও উপস্থিত হয়। প্রমেছ রোগে রোগীই কন্ট পাইয়া থাকে, অন্যান্ত লোককে বিশেষ কট্ট পাইতে হয় না। প্রমেছ রোগ বেশ্যাসঙ্গম ভিন্ন অন্য কারণেও হইতে পারে। সকলেরই একথাটা জানিয়া রাখা উচিত। অনেকস্থলে এইটা না জানিয়া অনেক নিৰ্দ্দোগী यां किएक मोषी विरवहना कन्ना इहेगाएइ। अपूर-काल जो महवाम कतिल, छागाधिका इहेतन,

কিয়া কামরতি অত্যধিক পরিমাণে উত্তেজিত হইলেও মেহ হইতে পারে। যে সকল স্ত্রীলাকের মূত্রদার হইতে এক প্রকার অম্লুপদার্থ নিঃসূত হয়, তাহাদের সহিত সহবাদ করিলেও এই রোগ জন্মাইতে পারে।

উপদংশরোগের প্রারম্ভে যে স্থলে ক্লেদ সংলগ্ন इस मिहे खुरल এक ही कुछ कड मुग्ने इस । क्रा ক্রমে অন্যান্য লক্ষণ লক্ষিত হইতে থাকে। চর্মা এবং শরীরের কোমলস্থান সকল এই বিযাক্রান্ত হইয়া পড়ে; নানাস্থানে ক্ষত হয়, মাংস্প্রস্থি मकल ফুলিয়া উঠে, कर्शनालीटि (यमना जत्य, উদরের পীড়া হয়, চুল শিপিলমূল হট্যা উঠিয়া যায়। মনে ক্ষুতি থাকে না, মস্তিছের পীড়া ও হইতে পারে, জিব ও ঠোঁটের চতুঃপার্য ফুদ্র ক্ষত লক্ষিত হয়। ক্রমে পীড়া অস্থিতে নং ক্রান্ত হয়; অস্থিণুলি বড় হইয়া উঠে, তথায় বেদনা হয় এবং তন্মধ্যে ক্ষত্ত হইতে পারে; হাঁট্, গো ঢ়ালি এবং মাথার হাড়ে প্রায়ই ক্ষত হইয়া থাকে।

এই পীড়াকান্ত ব্যক্তি যাহাকে চুম্বন করে

তাহারও এই পীড়া হইবার বিশেষ সন্তব। পীড়া-ফান্ত ব্যক্তি কর্তৃক ব্যবহার পানপাত্র, হুঁকা বা অন্য কোন দ্রব্য আর কেহ ব্যবহার করিলে তাহা-রও এই পীড়া হয়। সকলেরই সাবধান হওয়া উচিত্র, পীড়াজান্ত ব্যক্তির সহিত কোনও সংশ্রব না রাগাই বিধেয়।

যাহার শরীরে একবার এই বিষদংক্রান্ত হয় তাহার নতান সত্ততিগণ প্রায়ই অপেবয়নে মৃত্যু-কবলে পতিত হয়। জন্মকালে শিশুর এই वावित दान नक्न ना थाकिए शारत, दान বংসল, কিন্তা তদ্ধিক কাল এবং কখন কথন যুবাকাল প্রাপ্তি পর্যান্তও কোন লক্ষণ দৃষ্ট না হইতে পারে, এককালে ব্যাধির লক্ষণ দেখা দিবে। রোগীর সন্তান চর্গুরোগাক্রান্ত হইতে পারে, তুন্চিকিৎস্থ ক্ষত যন্ত্রনায় অধীর হইতে গারে, তাহার হাড় ফুলিতে গারে, চক্ষুও দন্তরোগ জ্জাইতে পারে, বুদ্ধিরতি বিকাশ পায় না এবং দে উআদ্থাত হইতে পারে। হায়! অভাগা লম্পট পুত্রগণকে তাহার রোগের অধিকারী করিয়া যায়।

কিন্তু যাহার শরীরে উপদংশ বিষ গুপ্তভাবে আছে তাহার সন্তানগণ এই পীড়া ক্রান্ত হয় না। শিশুজননী প্রায়ই জরায়ুস্থ শিশুর নিকট এই রোগ প্রাপ্ত হয়েন। কখনও বা তাহার স্বামী এই রোগ সংক্রামিত করেন। শিশু, জরায়ুতে আসিবার সাত মাসের মধ্যে যদ্যপি জননী ব্যাধিপ্রস্ত না হ'ন তাহা হইলে শিশু কর্ত্ক রোগ সংক্রান্ত হইবার ভয় আর থাকে না।

পিতা মাতা উভয়েরই এই পীড়া থাকিলে সন্তান কোন মতেই নিস্তার পায় না। এই অভাগা শিশু কতলোকের সর্বনাশ করে তাহার ইয়তা নাই। আদর করিয়া যে তাহাকে ক্রোড়ে ধারণ করে, যে তাহাকে চুম্বন করে, যে তাহাকে লালন পালন করে, সে-ই পীড়াগ্রস্ত হয়। এই প্রকারে সংকান্ত উপদংশ বিষ গুপ্ত ভাবে মানবের সর্বনাশ করে। এই অভাগা শিশু এই পর্যন্ত জগতের শশুভ সাধন করিয়াই নিক্তি না। সে যদি বাঁচিয়া থাকে, এবং মুবাক ক্রিয়াই নিক্তি ইয়া সন্তান্ধাণ্ড হয়। এই প্রকারে করে উপদংশাক্রান্ত হয়। এই প্রকারে করে উপদংশাক্রান্ত হয়। এই প্রকারে করে তাহার করে তাহার উপদংশাক্রান্ত হয়। এই প্রকারে করে তাহার করে তাহার স্কারত উপদংশাক্রান্ত হয়। এই প্রকারে করে তাহার করে বান্ত উপদংশাক্রান্ত হয়। এই প্রকারে করে তাহার হিলানে রেগ্

নানা মূর্ত্তিতে দর্শন দেয়। চর্ম্মরোগ, চক্ষুরোগ অস্থিরোগ এ সমুদায়ই প্রায় সংক্রান্ত উপদংশ বিশের কল।

হায়! এক মুহুর্ত্তের আমোদের জন্য লোকে কত ভয়ানক কন্ট পায় ৷ একজন পাপাত্ম লম্প-টের ক্ষণস্থায়ী ব্লভির চরিভার্থতা লোমে কত শত নির্দ্দোষী লোক অন্যায় যন্ত্রণা ভোগ করে! এই ভীষণ নরক্ষন্ত্রনা হইতে নিস্তার পাইবার কি উপায় নাই ৭ বেশ্বার দ্বারস্থ না ছওয়াই একমাত্র উপায়। অনেকে অনেক প্রকার উপায়ের কথা লিখিলাছেন ৷ ভাহার মধ্যে অনেকে এক প্রকার "খাগ" ব্যবহার করিবার উপদেশ দিইয়া থাকেন। কিন্ত আমরা এ প্রকার উপদেশ নিতে প্রস্তুত নহি ৷ স্বামীর বাড়া আছে; অথচ স্ত্রীর সহিত সহবাস না কলিলে তিনি অন্ত কিছু ভাবিতে পারেন: এরপ ফলে 'খাপ' বাবহার করা আমাদের নিকট অত্যায় বলিয়া বোধ হয় না। কিয়া যগন দ্রীর প্রস্রাবদার হইতে অগ্লীয় পদার্থ নির্গত হয়, দে স্থলে স্বাণী "পাপ" ব্যবহার করিতে পারেন। অন্যান্য যে সকল উপায়ের

কথা লিখিত হইয়াছে আমরা তাহা উদ্ধৃত করি-লাম না, কেননা তাহা হইলে বেশ্যাসঙ্গমের বিভী-যিকা স্থাস করিয়া দেওয়া হয়।

(वशाः।

বেশ্যা সঙ্গমই উপদংশ ও প্রমেহ পীড়ার মূল।

সৃষ্ট্রাং উক্ত পীড়ার কথা নিপিলে হতভাগিনী
